

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশে বৈশ্বিক গণমাধ্যম তৈরিতে সহযোগিতা করবে কাতার

ঢাকা, ২৫ ফেব্রুয়ারি ২০২৪

বাংলাদেশের গণমাধ্যমের উন্নয়নে এবং বাংলাদেশে বৈশ্বিক গণমাধ্যম তৈরিতে কাতার সহযোগিতা করবে।

শনিবার স্থানীয় সময় বিকেলে তুরস্কের ইস্তাম্বুলে ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর সদস্য দেশগুলোর তথ্যমন্ত্রীদের ইসলামিক সম্মেলনের সাইডলাইনে বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত কাতার মিডিয়া কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ আবদুল আজিজ বিন থানি আল-থানির সাথে সাক্ষাৎ করলে তিনি এ সহযোগিতার আশ্বাস দেন।

আল জাজিরার মতো বৈশ্বিক গণমাধ্যম তৈরির অভিজ্ঞতার আলোকে কীভাবে বাংলাদেশ ও কাতারের মধ্যে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র গড়ে তোলা যায় তা নিয়ে ফলপ্রসূ আলোচনা করেন বাংলাদেশের তথ্য প্রতিমন্ত্রী ও কাতারের মিডিয়া কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা।

এ সময় গণমাধ্যম সেক্টরে দুই দেশের মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের পাশাপাশি সাংস্কৃতিক বিনিময়ের ব্যাপারে তার উভয়ে একমত পোষণ করেন। এর মাধ্যমে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের আরও উন্নয়ন ঘটবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

Qatar will cooperate in creating global media in Bangladesh

Dhaka, 25 February 2024

Qatar will cooperate in the development of media in Bangladesh and the creation of global media in Bangladesh.

Chief Executive Officer of Qatar Media Corporation Sheikh Abdul Aziz bin Thani Al-Thani assured for this cooperation when State Minister for Information and Broadcasting of Bangladesh Mohammad Ali Arafat met him on the side-lines of the Islamic Conference of Information Ministers of the Organization of Islamic Cooperation (OIC) member states in Istanbul, Turkey on Saturday afternoon.

State Minister for Information and Broadcasting of Bangladesh and the Chief Executive Officer of Qatar Media Corporation held fruitful discussions on how to develop mutual cooperation between Bangladesh and Qatar in the light of the experience of creating global media such as Al Jazeera.

At that time, both of them agreed on the exchange of knowledge and experience between the two countries in the media sector as well as cultural exchange. They expressed hope that the bilateral relations between two countries will further develop through this.

স্বাক্ষরিত/-

মো. ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

মোবাইল: ০১৭৭৫২২৫৬৯০।